

[বায়াদ | □□d | ০

আয়াতঃ ৩৮:8

💵 আরবি মূল আয়াত:

وَ عَجِبُوا أَن جَآءَهُم مُّنذِرٌ مِّنهُم وَ قَالَ الكُفِرُونَ هٰذَا سُحِرٌ كَذَّابٌ ﴿ ٢﴾

আর তারা বিস্মিত হল যে, তাদের কাছে তাদের মধ্য থেকেই একজন সতর্ককারী এসেছে এবং কাফিররা বলে, 'এ তো যাদুকর, মিথ্যাবাদী'। — আল-বায়ান

আর তারা (এ ব্যাপারে) বিস্ময়বোধ করল যে, তাদের কাছে তাদেরই মধ্য হতে একজন সতর্ককারী এসেছে। কাফিরগণ বলল- 'এটা একটা যাদুকর, মিথ্যুক। — তাইসিরুল

তারা বিস্ময় বোধ করছে যে, তাদের নিকট তাদেরই মধ্য হতে একজন সতর্ককারী এসেছে এবং কাফিরেরা বলেঃ এতা এক যাদুকর, মিথ্যাবাদী, — মুজিবুর রহমান

And they wonder that there has come to them a warner from among themselves. And the disbelievers say, "This is a magician and a liar. — Sahih International

- ৪. আর তারা বিস্ময় বোধ করছে যে, এদের কাছে এদেরই মধ্য থেকে একজন সতর্ককারী আসল এবং কাফিররা বলে, এ তো এক জাদুকর(১), মিথ্যাবাদী।
 - (১) নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য জাদুকর শব্দটি তারা যে অর্থে ব্যবহার করতো তা হচ্ছে এই যে, তিনি মানুষকে এমন কিছু জাদু করতেন যার ফলে তারা পাগলের মতো তাঁর পেছনে লেগে থাকতো। কোন সম্পর্কচ্ছেদ করার বা কোন প্রকার ক্ষতির মুখোমুখি হবার কোন পরোয়াই তারা করতো না। পিতা পুত্রকে এবং পুত্র পিতাকে ত্যাগ করতো। স্ত্রী স্বামীকে ত্যাগ করতো এবং স্বামী স্ত্রী থেকে আলাদা হয়ে যেতো। হিজরাত করার প্রয়োজন দেখা দিলে একেবারে সবকিছু সম্পর্ক ত্যাগ করে স্বদেশভূমি থেকে বের হয়ে পড়তো। কারবার শিকেয় উঠুক এবং সমস্ত জ্ঞাতিভাইরা বয়কট করুক কোনদিকেই দৃষ্টিপাত করতো না। কঠিন থেকে কঠিনতর শারীরিক কষ্টও বরদাশত করে নিতো কিন্তু ঐ ব্যক্তির পেছনে চলা থেকে বিরত হতো না। [দেখুন: কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৪) এদের নিকট এদেরই মধ্য হতে একজন সতর্ককারী এল;[1] এতে এরা বিস্ময়বোধ করল এবং অবিশ্বাসীরা বলল, 'এ তো এক যাদুকর, মিথ্যাবাদী!





[1] অর্থাৎ, তাদের মতই একজন মানুষ কিভাবে রসূল হয়ে গেলেন!

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3974

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন